

## মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) এর গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও নতুন কর্মপরিকল্পনা

মুজিব জন্মশতবার্ষিকী (১৭ মার্চ ২০২০ - ১৭ মার্চ ২০২১) উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন নানাবিধ কর্মপরিকল্পনা ও সাংবাৎসরিক কর্মসূচি গ্রহণ করেছে। কিন্তু কোভিড-১৯ মহামারীর কারণে এবং মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটির পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী কিছু কর্মসূচি পুনঃতারিখ নির্ধারণ করতে হয়েছে এবং কিছু কর্মসূচি স্থগিত করতে হয়েছে। মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি (কর্মসূচি অনুযায়ী) ও নতুন পরিকল্পনা :

**কর্মসূচি-১ (১৭ মার্চ '২০)** মুজিব বর্ষের শুভ উদ্বোধন উপলক্ষে জাতীয় কর্মসূচিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে অংশগ্রহণ : কোভিড-১৯ এর সামগ্রিক বাস্তবতায় জাতীয়ভাবে মুজিব জন্মশতবার্ষিকীর বর্ণাঢ্য উদ্বোধন অনুষ্ঠানটি স্থগিত রাখার সরকারিভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে দিবসটি উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন ১৭ মার্চ ২০২০ এর পূর্বেই প্রধান কার্যালয়সহ বিভিন্ন ইউনিটে ১৪টি কাউন্টডাউন ক্লক স্থাপন এবং বিভিন্ন ইউনিটে বিভিন্ন ফেস্টুন, ব্যানার সংযুক্ত করেছে।

মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বিভিন্ন প্রচারণামূলক উদ্যোগসমূহ

ক্রম নং	দিবসের নাম ও তারিখ	রেয়াতের পরিমাণ	সুপারিশ/রেয়াত প্রাপ্তির পরিমাণ
০১	বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস ১০ জানুয়ারি	১০%	প্রথম ১০ কর্ম
০২	জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ১৭ মার্চ	১৭%	প্রথম ১০ কর্ম
০৩	স্বাধীনতা এবং জাতীয় দিবস ২৬ মার্চ	২৬%	প্রথম ১০ কর্ম
০৪	নববর্ষ ১৪ এপ্রিল	১৪%	প্রথম ১০ কর্ম
০৫	বিশ্ব পর্যটন দিবস ২৭ সেপ্টেম্বর	২৭%	প্রথম ১০ কর্ম
০৬	বিজয় দিবস ১৬ ডিসেম্বর	১৬%	প্রথম ১০ কর্ম

বাংলাদেশ পর্যটন করপোরেশন

**কর্মসূচি-২ (১৭ মার্চ '২০)** মাননীয় প্রধানমন্ত্রীকে ১০০ পাউন্ড ওজনের কেক উপহার এবং বাপক সকল ইউনিটে বঙ্গবন্ধুর জন্মদিন উদযাপন : করোনা পরিস্থিতির কারণে ১০০ পাউন্ড ওজনের কেকটি দেয়া সম্ভব হয়নি, তবে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনায় গণভাবে ১৭ পাউন্ড কেক এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে ১০ পাউন্ড ওজনের কেক সরবরাহ করা হয়েছে।

**কর্মসূচি-৩** জাতীয় সংসদ ভবন সংলগ্ন লেকে ০২টি নৌকা ভাসানো : দেশবরেণ্য শিল্পী হাশেম খান এর তত্ত্বাবধায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্ট ইন্সটিটিউট এর প্রিন্টমেকিং ডিপার্টমেন্টের এর চেয়ারম্যান প্রফেসর আনিসুজ্জামান এর মাধ্যমে নির্মিত আবহমান বাংলার ঐতিহ্যবাহী দৃষ্টিনন্দন ০২(দুটি) নৌকা (২৭ ফুট দীর্ঘ ও ৫ ফুট প্রশস্ত প্রতিটি) গত ০৫ নভেম্বর ২০২০ জাতীয় সংসদ ভবন লেকে ভাসানো হয়েছে। নৌকা দুটি নির্মাণে মেহেগনি, ওয়াইট সিরিজ এবং

লোহা কাঠ দ্বারা নির্মিত নৌকাগুলোতে বর্ণিল ধাতব (ইস্পাত) নক্সা ব্যবহৃত হয়েছে। নৌকা ভাসানোর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের মাননীয় চীফ হুইপ জনাব নূর-ই-আলম চৌধুরী এম.পি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মাহাবুব আলী এম.পি। বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন জাতীয় সংসদের মাননীয় হুইপ জনাব ইকবালুর রহিম এম.পি, মাননীয় হুইপ জনাব শামসুল হক চৌধুরী, মাননীয় হুইপ জনাব আবু সাঈদ মাহমুদ স্বপন এম.পি প্রমুখ। এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি র. আ.ম উবায়দুল মোকতাদির চৌধুরী এম.পি এবং সদস্য সৈয়দা রুবিনা আক্তার এম.পি। জাতীয় সংসদ সচিবালয় এর সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মিজানুর রহমান এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন এর চেয়ারম্যান জনাব রাম চন্দ্র দাস। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব জাবেদ আহমেদ, বাংলাদেশ সিভিল এভিয়েশন অথরটিটির চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন এর পরিচালকবৃন্দসহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



কর্মসূচি-৪ (২১-২২ মার্চ '২০) বঙ্গবন্ধুর সোনার বাংলায় নদী পর্যটন উন্নয়নে বাংলা চ্যানেল সুইমিং প্রতিযোগিতা-২০২০ : গত ৩০ নভেম্বর ২০২০ স্বাস্থ্যবিধি মেনে ছোট পরিসরে সাঁতার প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়েছে।


টেকনাফের শাহপরীর দ্বীপ থেকে সেন্ট মার্টিন্স পর্যন্ত ১৬.১ কিলোমিটার বাংলা চ্যানেল সাঁতার প্রতিযোগিতা





কর্মসূচি-৫ (২৬ মার্চ '২০) কনসার্ট ফর ইন্ডিপেন্ডেন্স/কনসার্ট অন বঙ্গবন্ধু এবং স্বাধীনতা দিবস উদযাপন : কোভিড-১৯ এর কারণে কর্মসূচিটি বাস্তবায়ন করা হয়নি।

কর্মসূচি-৬ (৩১ মার্চ '২০) 'বঙ্গবন্ধুর দর্শন এবং বাংলাদেশের পর্যটন' শীর্ষক সেমিনার ও 'বঙ্গবন্ধুর পছন্দের খাবারের মেন্যুর' শুভ উদ্বোধন : সেমিনারটি গত ৮ ডিসেম্বর '২০ জুমের মাধ্যমে জুম ক্লাউডে আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে টোয়াব এর প্রেসিডেন্ট জনাব মোঃ রাফিউজ্জামান, ট্রিয়ার এর প্রেসিডেন্ট জনাব খবিরউদ্দিন আহমেদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্টে বিভাগের চেয়ারম্যান জনাব বদরুজ্জামান ভূঁইএগা, ভ্রমণ বিচিত্রার সম্পাদক জনাব আবু সুফিয়ান এবং পর্যটন বিচিত্রার সম্পাদক জনাব মহিউদ্দিন হেলালসহ বিভিন্ন স্টেকহোল্ডারগণ সংযুক্ত থেকে সেমিনারের আলোচনায় অংশগ্রহণ করেন। বঙ্গবন্ধুর পছন্দের খাবারের কিছু মেন্যু নির্বাচন করা হয়েছে এবং এগুলো ভেটিং করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে বাপক যোগাযোগ অব্যাহত রেখেছে। এ মেন্যুগুলো চূড়ান্ত নির্বাচন হলো বাপক তার ইউনিটগুলোতে প্রচার করবে।



কর্মসূচি-৭ (৪ এপ্রিল '২০) বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক দর্শন বিকাশে 'লাঙ্গলবন্দ স্নান উৎসব' আয়োজন : কোভিড-১৯ এর কারণে এ অনুষ্ঠানটি আয়োজন করা সম্ভব হয়নি।

কর্মসূচি-৮ (১২-১৩ এপ্রিল '২০) বঙ্গবন্ধুর সাম্প্রদায়িক সম্প্রীতি চেতনা লালনে 'পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় বৈসাবি উৎসব' আয়োজন/বৈসাবি প্যাকেজ অফার : কোভিডের-১৯ কারণে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এ কর্মসূচিটি স্থগিত করেছে বিধায় এ সংস্থা কর্মসূচিটি উদযাপন করেনি।

কর্মসূচি-৯ (১৭-১৮ এপ্রিল '২০) মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষে টুঙ্গিপাড়া এবং মুজিবনগরে স্কুল, কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য বাপক এর স্পেশাল প্যাকেজ এবং বঙ্গবন্ধু সম্পর্কে স্টোরি টেলিং অনুষ্ঠান : কোভিড-১৯ পরবর্তী স্বাভাবিক পরিস্থিতিতে স্পেশাল প্যাকেজ আয়োজন করা হবে।

কর্মসূচি-১০ (২২ এপ্রিল '২০) বঙ্গবন্ধুর নদীমাতৃক সোনার বাংলাদেশের সৌন্দর্য প্রচারের লক্ষ্যে রিভার ক্রুজ/ইলিশ প্যাকেজ ট্যুর আয়োজন : কোভিড-১৯ পরিস্থিতির কারণে এ কর্মসূচিটি আয়োজন করা সম্ভব হয়নি।

কর্মসূচি-১১ (২৩-২৬ এপ্রিল '২০): স্কুল/কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য সুন্দরবন/প্রত্নতাত্ত্বিক/সিলেট ০৩টি আলাদা প্যাকেজ ট্যার : সংশ্লিষ্ট কমিটি শুধু প্রত্নতাত্ত্বিক এলাকায় ও সিলেটে প্যাকেজ অফার করবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোভিড-১৯ পরবর্তী সময়ে তারিখ নির্ধারণ করা হবে।

কর্মসূচি-১২ (৩০ এপ্রিল '২০) এন.এইচ.টি.টি.আই-তে ১০০ জন্য মেধাবী গরিব বেকার যুবক-যুবতীদের 'বেসিক হাইজিন' কোর্সের উপর বিনামূল্যে প্রশিক্ষণ : গত ২১ নভেম্বর ২০২০ তারিখ বাপক এন.এইচ.টি.টি.আই এর ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন বিভাগের উদ্যোগে ১০০ জন মেধাবী গরিব খাদ্য প্রস্তুতকর্মীকে ১০০ মিনিট 'বেসিক হাইজিন' কোর্সের উপর প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। এই প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাপক চেয়ারম্যান জনাব রাম চন্দ্র দাস এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক (বাণিজ্যিক) জনাব মোঃ আব্দুস সামাদ। বাপক জনসংযোগ বিভাগের ব্যবস্থাপক জনাব মোঃ জিয়াউল হক হাওলাদারের উপস্থাপনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন এন.এইচ.টি.টি.আই এর অধ্যক্ষ জনাব মোঃ আখলাকুর রহমান এবং হোটেল অবকাশের আবাসিক ব্যবস্থাপক শাহ মোঃ মিজানুর রহমান। কোর্সটির পরিচালনা করেন এন.এইচ.টি.টি.আই এর হেড অব ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন বেগম জাহিদা বেগম।



কর্মসূচি-১৩ঃ ২৫ বৈশাখ ১৪২৭/০৮ মে '২০ অথবা সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর ভাবনায় জাতীয় সংগীত, বাংলার সংস্কৃতি ও স্বাধীনতা আন্দোলন তুলে ধরে রবীন্দ্র সংগীত সন্ধ্যার আয়োজন : কোভিড-১৯ এর কারণে কর্মসূচিটি স্থগিত রাখা হয়েছে।




কর্মসূচি-১৪ঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৭/২৫ মে '২০ অথবা সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর সাম্যবাদী চেতনা, শোষণমুক্তির সংগ্রাম এবং স্বাধীন-চিত্ত তুলে ধরে দেশাত্মবোধক গান ও নজরুল সংগীত সন্ধ্যার আয়োজন : কোভিড-১৯ এর কারণে কর্মসূচিটি স্থগিত রাখা হয়েছে।

কর্মসূচি-১৫ (২১-২৭ জুন '২০) সুজলা, সুফলা সোনার বাংলায় আম উৎসব/ম্যাংগো ট্র্যর প্যাকেজ : কর্মসূচিটি স্থগিত রাখা হয়েছে। কোভিড-১৯ বাস্তবতায় পরবর্তী সময়ে আয়োজন করা হবে।

কর্মসূচি-১৬ (২৫-২৬ জুলাই '২০) সমৃদ্ধশালী সোনার বাংলা বিনির্মাণে সামুদ্রিক পর্যটন/সুনীল অর্থনীতি বিকাশের লক্ষ্যে কক্সবাজার সার্বিং উৎসব : কোভিড-১৯ এর কারণে কর্মসূচিটি আয়োজন করা সম্ভব হয়নি।

কর্মসূচি-১৭ (১৫ আগস্ট '২০) জাতীয় শোক দিবস পালন : ক্লাউড জুমে জাতির পিতার ৪৫তম শাহাদাত্বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।



কর্মসূচি-১৮ ( ২৪-২৭ সেপ্টেম্বর '২০) বিশ্ব পর্যটন দিবস উদযাপন ও এশীয়ান ট্যুরিজম ফেয়ারে অংশগ্রহণ : বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে বাপক এর উদ্যোগে অন-লাইন কুकिং শো এবং জুম সেমিনার অনুষ্ঠিত হয়েছে। কোভিড-১৯ এর কারণে মেলায় আয়োজন কর্তৃপক্ষ কর্মসূচিটি স্থগিত করেছে।



কর্মসূচি-১৯ (৩০ সেপ্টেম্বর-০৫ অক্টোবর '২০) সকল ধর্ম পালনে স্বাধীনতা ও সম্পৃতি রক্ষায় বঙ্গবন্ধুর দর্শন সমুন্নত রাখতে হোটেল অবকাশে দুর্গাপূজা উপলক্ষে খাদ্য উৎসব আয়োজন : কোভিড-১৯ বাস্তবতার কারণে এ কর্মসূচিটি স্বল্পপরিসরে আয়োজন করা হয়েছে।

কর্মসূচি-২০ (২০ অক্টোবর '২০) 'জাত-পাত, বর্ণ ও শ্রেণি বিভাজনের বিরুদ্ধে মানবতার চেতনায় বঙ্গবন্ধু' প্রচারে কুষ্টিয়ায় লালন মেলা ও সুনামগঞ্জের হাছন রাজার গানের উৎসব, ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে মলয়া উৎসব, চট্টগ্রামের শেফালী ঘোষের গান এবং ফকির মজনু শাহের গানের উৎসবে অংশগ্রহণ/প্যাকেজ টুর আয়োজন : কভিড-১৯ পরবর্তী সার্বিক বিবেচনায় প্যাকেজ আয়োজন করা হবে।

কর্মসূচি-২১ (৩১ ডিসেম্বর '২০) বিশ্ব দরবারে বঙ্গবন্ধুর সোনার বাংলার ইমেজ তুলে ধরতে ও সুনীল পর্যটন উন্নয়নে কক্সবাজার বীচ কার্নিভাল আয়োজন : কোভিড-১৯ পরিস্থিতির কারণে এ অনুষ্ঠানটি আয়োজন করা সম্ভব হয়নি।

কর্মসূচি-২২ বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সুভিনিয়ার প্রণয়ন : বাংলাদেশ পর্যটন করপোরেশন ইতোমধ্যে মুজিব জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ৫০০গেঞ্জি, ৫০০ মগ এবং ৫০০ কোটপিন তৈরী করে বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিভিন্ন দপ্তরে বিতরণ করেছে।



কর্মসূচি-২৩ সংস্থার অবসরগ্রহণকারী বা বর্তমানে কর্মরত কর্মকর্তাদের মধ্যে যারা বঙ্গবন্ধুর সহচার্য বা ঘনিষ্ঠতা লাভ করতে পেরেছিলেন তাঁদেরকে নিয়ে বঙ্গবন্ধুর উপর স্মৃতিচারণ অনুষ্ঠান আয়োজন : বঙ্গবন্ধুর হাতে গড়া প্রতিষ্ঠান বাংলাদেশ পর্যটন করপোরেশনে বঙ্গবন্ধুর সহচার্যে এসেছিলেন এরকম অনেক কর্মকর্তাই কর্মরত ছিলেন। তাঁদের মধ্যে সবাই এখন চাকরি হতে অবসরে আছেন এবং কেউ কেউ জীবিত আছেন। তাঁদের সাথে এ সংস্থার যোগাযোগ চলমান রয়েছে।

কর্মসূচি-২৪ বাংলাদেশে বঙ্গবন্ধু স্মৃতিবিজড়িত স্থান/ভ্রমণ করেছেন এমন ১০০টি স্থান নির্বাচন করে পর্যটন কেন্দ্র হিসাবে উন্নয়ন ও অনলাইনে দেশে-বিদেশে প্রচার : ইতোমধ্যে ১০০টির মতো স্থান পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।

কর্মসূচি-২৫ : মুজিববর্ষ উদযাপন উপলক্ষে ১৭ (সতের) সংখ্যার সাথে মিল রেখে ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৪ এপ্রিল, ১৭ এপ্রিল, ১৬ ডিসেম্বর ইত্যাদি তারিখে যথাক্রমে ১৭%, ৩৪% এবং ৫১% ইত্যাদি হারে বাণিজ্যিক ইউনিটে কক্ষ ভাড়ার উপর রেয়াত প্রদান : এতদবিষয়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

বিজয় দিবস ২০২০ ও মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাপক এর প্রচারণা এবং ডিসকাউন্ট অফার

পালন উপলক্ষে

১৬-১৭-২০২০ইং তারিখ এক দিনের জন্য সম্মানিত অতিথিপাকে আবাসিক ব্যঙ্গের উপর

**১৬X২ = ৩২%**

বিশেষ রেয়াত প্রদান করা হচ্ছে

বাংলাদেশ পর্যটন করপোরেশন, মোটেল লাভণী, কক্সবাজার

মুজিববর্ষ ও মহান বিজয় দিবস

উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০২০

এক দিনের জন্য আবাসনের উপর

**১৬ X ২ = ৩২% বিশেষ রেয়াত**

ভ্রমণ করণ, দেশকে জানুন, পর্যটন শিল্পের উন্নয়নে অংশ নিয়ে দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করুন।

Bangladesh Parity Commission

বাংলাদেশ পর্যটন করপোরেশন

পর্যটন মোটেল বহুভা।

পেরপুর রোড, বনানী, বহুভা।

মুজিব বর্ষ ও বিশ্ব পর্যটন দিবস

উপলক্ষে ২৯ সেপ্টেম্বর ২০২০

এক দিনের জন্য আবাসনের উপর

**৫৪% বিশেষ রেয়াত**

বাংলাদেশ পর্যটন করপোরেশনের গর্বিত অতিথি হোন, দেশ সেবায় অংশ নিন

বাংলাদেশ পর্যটন করপোরেশন

পর্যটন মোটেল, বাপদরবান।

## বাপক এর নতুন কর্মপরিকল্পনা

কর্মসূচি-১ (২১ ফেব্রুয়ারি '২১): শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'বঙ্গবন্ধু ও ১৯৫২'র ভাষা আন্দোলন' শীর্ষক ক্লাউড জুমে সেমিনার আয়োজন।

কর্মসূচি-২ (১৭মার্চ '২১): জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০২১ উপলক্ষে টুঙ্গীপাড়ায় জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত বইমেলায় অংশগ্রহণ।

কর্মসূচি-৩ ( ২৬ মার্চ '২১): সাভার জাতীয় স্মৃতিসৌধে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি বাপক এর পক্ষ হতে শ্রদ্ধা নিবেদন এবং সাভারস্থ বাপক এর জয় রেস্তোরাঁয় দুপুরে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম' শীর্ষক আলোচনা সভার আয়োজন।

কর্মসূচি-৪ (১৫ আগস্ট '২১): জাতির পিতার ৪৬তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন।

কর্মসূচি-৫ (২৭ সেপ্টেম্বর '২১): বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে 'বঙ্গবন্ধুর স্বপনের সোনার বাংলা এবং বাংলাদেশের পর্যটন' শীর্ষক সেমিনার আয়োজন ও এন.এইচ.টি.টি.আই এর উদ্যোগে 'কুকিং শো'।

কর্মসূচি-৬ (১৬ ডিসেম্বর '২১) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় কমিটির সমাপনী প্রোগ্রামে বর্ণাঢ্য র্যালীসহ বাপক এর অংশগ্রহণ : জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশন স্বতস্কৃর্তভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ।